



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

Web : www.bise-ctg.gov.bd



স্মারক নং- চশিবো/পরী/মাধ্য/পরি-১১/২০১৯/১৫২২(২)

তারিখ: ০৪.১১.২০২১ খ্রি:

বিষয়: এসএসসি পরীক্ষা- ২০২১ এর ফরমপূরণ বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অর্থ ফেরত প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালের এসএসসি পরীক্ষা সংক্ষিপ্ত পরিসরে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পরীক্ষার্থীদের তৃতীয় পরীক্ষা, ব্যবহারিক পরীক্ষা ও কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের অব্যয়িত অংশ আন্তঃ বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির ১৬৬ তম সভায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটির ৫৩৩ তম সভায় অনুমোদিত হয়।

বোর্ড কর্তৃক পরীক্ষার্থীকে ফেরত :

ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে তাদের প্রবেশ পত্রে উল্লিখিত প্রতিটি পত্রের যে সকল পত্র/বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে সেই সকল বিষয় ব্যতীত অন্য বিষয়/পত্রের জন্য আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে পত্র প্রতি(তৃতীয়) ৩০/- (ত্রিশ) টাকা করে ফেরত প্রদান করা হবে।

খ) পরীক্ষার্থীর ব্যবহারিক বিষয়ের ক্ষেত্রে(আইসিটি ব্যতীত) আদায়কৃত বোর্ড কর্তৃক নির্ধারিত ফি হতে বিষয় প্রতি ২০/=(বিশ) টাকা এবং আইসিটি বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০/- (ত্রিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক বোর্ড ফি ৩০/- (ত্রিশ) টাকা ফেরত প্রদান করা হবে। বোর্ড কর্তৃক ফেরত প্রদানের অর্থ সংশ্লিষ্ট পরীক্ষার্থীদের নিজ নিজ প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে।

কেন্দ্র ফি হতে পরীক্ষার্থীকে ফেরত :

ক) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে এবং পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে(নূনতম ০১ বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করার ক্ষেত্রেও) তাদের কেন্দ্র ফি হতে পরীক্ষার্থী প্রতি ১০০ (একশত) টাকা এবং আইসিটি বিষয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ২৫ (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ আদায়কৃত ১০/- (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

খ) ২০২১ সালের এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য যে সকল পরীক্ষার্থী ফরমপূরণ করেছে কিন্তু পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে না, সেক্ষেত্রে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪০০ (চারশত) টাকা এবং আইসিটি বিষয়ে অতিরিক্ত আরও ২৫/- (পঁচিশ) টাকা ও চতুর্থ বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বাবদ প্রতিষ্ঠান কর্তৃক আদায়কৃত ১০/- (দশ) টাকা পরীক্ষার্থীকে ফেরত প্রদান করতে হবে।

পরীক্ষার্থী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে বোর্ড প্রদত্ত অব্যয়িত অর্থ ও অব্যয়িত কেন্দ্র ফি গ্রহণ করবে।

পরীক্ষার্থীদের ফেরত প্রদান পদ্ধতি:-

ক) প্রত্যেক বিদ্যালয়কে ০৮.১১.২০২১ তারিখ হতে বোর্ডের ওয়েব সাইট(www.bise-ctg.gov.bd) এর eff লিংক এর SSC window তে EIIN ও password ব্যবহার করে নিজ নিজ বিদ্যালয়ের পরীক্ষার্থীদেরকে ফেরতকৃত অর্থের voucher download করে print করে নিতে হবে।

খ) Print কৃত voucher এ প্রত্যেক পরীক্ষার্থীর রোল নাম্বার অনুসারে বোর্ড কর্তৃক ফেরত ও স্কুল কর্তৃক ফেরতের পরিমাণ আলাদাভাবে উল্লেখ রয়েছে।


গ) ০৯.১১.২০২১ তারিখ হতে বিদ্যালয়সমূহ পরীক্ষার্থীদেরকে প্রবেশপত্র বিতরণ করবে এবং সে সময় পরীক্ষার্থীদের প্রাপ্য অর্থ ভাউচারে স্বাক্ষর নিয়ে ফেরত প্রদান করবে।

ঘ) ইতিমধ্যে বোর্ড কর্তৃক প্রদেয় অর্থ বিদ্যালয়ের ব্যাংক হিসাবে(যা বিদ্যালয় ইতিমধ্যে বোর্ডে প্রেরণ করেছে) প্রেরণ করা হবে।

ঙ) পরীক্ষার্থীদের ফেরত প্রদানকৃত অর্থের ভাউচারের ০১সেট ফটোকপি বিদ্যালয়ে সংরক্ষণ করে মূলকপি কপি একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণকালে বোর্ডের পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

বিঃদ্র: যে সকল বিদ্যালয় ইতিমধ্যে তাদের ব্যাংক হিসাব বোর্ডে জমা দেয়নি সে সকল বিদ্যালয়কে তাদের প্রতিষ্ঠানের ব্যাংকের নাম, শাখার নাম, ব্যাংক হিসাব নম্বর, মোবাইল নম্বর ও খালি চেকের ফটোকপি নিম্নস্বাক্ষরকারীর email এ প্রেরণ করতে হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে


(নারায়ন চন্দ্র নাথ) ০৪/১১/২১
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
Email : ce @ bise-ctg.gov.bd

প্রাপক :-

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্রবোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান